



বিজ্ঞান ডিগ্রি পাস

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা

দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০



২০১৭ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/degreepass এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে। *** রেজিস্ট্রেশন কার্ড বিতরণঃ ১৮.০২.২০১৮ খ্রি. (নিয়মিত ছাত্র-ছাত্রীদের মূল বেতন বই/ প্রাইভেটদের মূল টোকেন দেখিয়ে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করতে হবে।)

বিঃ দ্রঃ ডিগ্রি পাস ও প্রাইভেট নিয়মিত ছাত্র-ছাত্রী ইনকোর্স পরীক্ষা ব্যতিত পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।

ক্রঃ নং	জমাদানের তারিখ	পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার্থীর প্রকার
১	২৬.০২.২০১৮ খ্রি.	নিয়মিত বিএ ও বিএসসি (পাস)	প্রাইভেট বিএ (পাস) ও সার্টিফিকেট কোর্স
২।	২৭.০২.২০১৮ খ্রি.	নিয়মিত বিএসএস (পাস)	প্রাইভেট বিএসএস (পাস)
৩।	২৮.০২.২০১৮ খ্রি.	নিয়মিত বিবিএস (পাস)	প্রাইভেট বিবিএস (পাস)
৪।	০১.০৩.২০১৮ খ্রি.	অকৃতকার্য ও মানোন্নয়ন সকল প্রকার	অকৃতকার্য ও মানোন্নয়ন সকল প্রকার প্রাইভেট

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য :

- * নিয়মিত/প্রাইভেট (শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭ নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে) : বিএ, বিএসএস, বিবিএস ও বিএসসি পাস = ৫০০/- টাকা (কেন্দ্র ফিস ৪৫০+ব্যবস্থাপনা ৫০)
- * অনিয়মিত/প্রাইভেট (২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ এবং ২০১৫ ও ২০১৬ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা) : বিএ, বিএসএস, বিবিএস পাস ও সার্টিফিকেট কোর্স = ৭০০/- টাকা (ইনকোর্স ২০০+কেন্দ্র ফিস ৪৫০+ব্যবস্থাপনা ৫০)।
- * ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যে সকল ছাত্র-ছাত্রী ২০১৬ সালের ডিগ্রি ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণ করেনি (তাদেরকে কলেজের বেতন সেশন চার্জ বাবদ ১৩৫৫/= টাকা অতিরিক্ত প্রদান করতে হবে) ২০১৫ ও ২০১৬ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য অথবা Not Promoted হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে বেতন ও সেশন চার্জ বাবদ ১৩৫৫/= টাকা প্রদান করতে হবে না। প্রাইভেট ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য নয়। ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে। সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (C Promoted) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

১। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট (৭০০ নম্বর) :

উপরোক্ত শিক্ষার্থীদের ১ম বর্ষে “স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

খ) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা :

- ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D Grade পেয়েছে তারা C ও D Grade পাওয়া সর্বোচ্চ ২টি কোর্সে অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষায় অনুপস্থিত কোর্সে পরীক্ষা দিয়ে C অথবা D Grade পেয়েছে সে সকল শিক্ষার্থীগণ ২০১৭ সালের ১ম পরীক্ষায় অনুপস্থিত পত্রের গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা ২০০ নম্বর :

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্স এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

২। অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় :

- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি করে জমা দিতে হবে। অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের অনলাইনে প্রাপ্ত ফলাফল সিনের ফটোকপি জমা দিতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে লাগাতে হবে এবং ১ কপি ছবি প্রবেশপত্র গ্রহণের সময় সংশ্লিষ্ট আনতে হবে।
- কোন ছাত্র-ছাত্রী লাইব্রেরি থেকে বই গ্রহণ করে থাকলে তা ফেরত দিতে হবে। লাইব্রেরির বই ফেরত ব্যতিত কোন শিক্ষার্থী আবেদন ফরম পূরণ করতে পারবে না।
- পরীক্ষার আবেদন ফরম কমিটির স্বাক্ষর করে তারপর জমা দিতে হবে।

আবেদন ফরম জমাদানের সময়: সকাল ৯টা হতে দুপুর ১২:৩০ টা পর্যন্ত।
এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।

(প্রফেসর সৈয়দ সাদিক জাহিদুল ইসলাম)

অধ্যক্ষ

সরকারি বি এল কলেজ, খুলনা